

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 29-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

**All party meeting ahead of Union Budget
Session:**

সংসদের বাজেট অধিবেশনের আগে, সরকার আগামী কাল সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে। সংসদের বাজেট অধিবেশন আগামী শুক্রবার থেকে শুরু হবে। পয়লা ফেব্রুয়ারি, শনিবার, অর্থমন্ত্রী নির্মলা সীতারমন সংসদে ২০২৫-২৬ সালের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন।

Budget, Akashvani :

আসন্ন বাজেটে অভ্যন্তরীণ এবং বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের অর্থনৈতিক অগ্রাধিকার এবং আর্থিক কৌশলগুলি জানা যাবে বলে মনে করা হচ্ছে। কেন্দ্রীয় বাজেট পেশের আগে একটি বিশেষ ধারাবাহিকে বিশেষজ্ঞ ও জনগণের প্রত্যাশা নিয়ে আসছে আকাশবাণী।

আকাশবাণী নিউজের সঙ্গে আলাপকালে, ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির মহানির্দেশক জ্যোতি ভিজ বলেছেন, কেন্দ্রীয় বাজেটকে অবশ্যই দীর্ঘমেয়াদী প্রবৃদ্ধির দিকগুলিকে শক্তিশালী করার দিকে মনোনিবেশ করতে হবে।

National Games-PM:

জাতীয় গেমস শুধু একটি প্রতিযোগিতা নয়, এই গেমস ভারতের একতা ও সংহতির এক অনন্য নিদর্শন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতরাতে দেবাদুনে ৩৮তম জাতীয় গেমসের উদ্বোধন করে এই

কথাগুলি বলেন। রাজীব গান্ধী আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে আসরে সূচনার পর প্রধানমন্ত্রী বলেন, দেশের ক্রীড়া প্রতিভা তুলে ধরার জন্য এই গেমসের বিশাল ভূমিকা রয়েছে। উত্তরাখণ্ডে প্রথমবারের মত আয়োজিত জাতীয় গেমসের সাফল্য কামনা করে প্রধানমন্ত্রী আরো বলেন, ২০৩৬ সালে প্রথমবারের মত অলিম্পিকের আয়োজক হিসেবে ভারত দাবীদার হিসেবে রয়েছে। আশা করা হচ্ছে গেমসের দায়িত্ব ভারত পাবে। উল্লেখ্য, ১৮ দিন ব্যাপী এই গেমসে ৩২টি ইভেন্টে ৪৫০টি স্বর্ণ পদকের ফয়সালা হবে। দেশের ৩৮টি রাজ্য, কেন্দ্র শাসিত প্রদেশ ও ইউনিটের ১০ হাজারের উপর এথলেট এবারের আসরে অংশ নিয়েছে। আগামী ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত এই গেমস চলবে।

Finance Commission :

চেয়ারম্যান অরবিন্দ পানাগাড়িয়ার নেতৃত্বে কেন্দ্রীয় ষোড়শ অর্থ কমিশনের প্রতিনিধিদল আজ রাজ্য সফরে আসছেন। রাজ্য সরকারের এক আধিকারিক জানান, তিনদিনের সফরকালে অর্থ কমিশনের প্রতিনিধিদল রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের উচ্চ পদস্থ আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। উল্লেখ্য, অর্থ কমিশনের সুপারিশের ভিত্তিতেই পরবর্তী পাঁচ বছরের জন্য বিভিন্ন খাতে অর্থ বরাদ্দ নির্ধারিত হবে।

Maha Kumbha :

মৌনী অমাবস্যায় আজ মহাকুম্ভে অনুষ্ঠিত হচ্ছে দ্বিতীয় অমৃত স্নান। মহা নির্মানি পঞ্চায়েতি আখড়া এবং শম্ভু পঞ্চায়েতি অটল আখড়া আজ সকালে ত্রিবেণী সঙ্গমে প্রথম স্নান করেন। এই অমৃত স্নান উপলক্ষ্যে প্রয়াগরাজে মহাকুম্ভে নিরাপত্তা ব্যবস্থা বৃদ্ধি করেছে উত্তরপ্রদেশ সরকার।

মেলা প্রাঙ্গণ জুড়ে ৩২৮টি কৃত্রিম বুদ্ধিমত্তা সক্ষম ক্যামেরা সহ প্রায় তিন হাজার সিসিটিভি ক্যামেরা লাগানো হয়েছে। পূণ্যার্থীদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য ৫০ হাজারেরও বেশি পুলিশ মোতায়েন করা হয়েছে যার মধ্যে রয়েছেন আধা সামরিক বাহিনীর সদস্যরাও। দ্রোনের মাধ্যমে সঙ্গমে জলের নীচে পুংখানুপুংখভাবে পর্যবেক্ষণ করার জন্য প্রথমবারের মতো ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

এছাড়াও মৌনী অমাবস্যার ভীড়ের কথা মাথায় রেখে চিকিৎসক ও এম্বুলেন্সের সংখ্যা বাড়ানো হয়েছে। ৮০ জন আয়ুষ চিকিৎসকদের একটি দল কুড়িটি ও পি ডি কেন্দ্রে চব্বিশ ঘন্টা চিকিৎসা পরিষেবা দিচ্ছেন।

মৌনী অমাবস্যায় প্রায় ৮ থেকে ১০ কোটি পূণ্যার্থীর সমাগম হবে বলে অনুমান করা হয়েছে। ঘাটগুলিতে অতিরিক্ত ভিড় ঠেকাতে উদ্ধারকারী দল মোতায়েন রয়েছে।

Mou Agreement :

তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রনজিৎ সিংহ রায় বলেছেন রাজ্য সরকার এবং ডিজিটাল ইন্ডিয়া ভাষীনি ডিভিশনের মধ্যে মৌ স্বাক্ষরের ফলে ত্রিপুরা উত্তর - পূর্বাঞ্চলের মধ্যে প্রথম রাজ্য এবং দেশে অষ্টম রাজ্য হিসেবে ভাষীনি এপের সঙ্গে যুক্ত হলো। গতকাল আগরতলার প্রজ্ঞা ভবনে ত্রিপুরা সরকার এবং ডিজিটাল ইন্ডিয়া ভাষীনি ডিভিশনের মধ্যে মৌ স্বাক্ষর হয়। এরপর মন্ত্রী শ্রী সিংহ রায় ভাষীনি রাজ্যম শীর্ষক রাজ্যভিত্তিক কর্মশালার উদ্বোধন করেন। তিনি বলেন, এই মৌ স্বাক্ষর ডিজিটাল ইন্ডিয়ার সঙ্গে ডিজিটাল ত্রিপুরাকে যুক্ত করার অন্যতম মাধ্যম।

NHM sees 185% growth in last 10 years:

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা বলেছেন যে জাতীয় স্বাস্থ্য মিশনের অধীনে কেন্দ্রীয় তহবিল গত দশ বছরে ১৮৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। মিশনের সাফল্য নিয়ে সংবাদমাধ্যমের সাথে কথা বলতে গিয়ে শ্রী নাড্ডা বলেন যে গত দশ বছরে কেন্দ্রীয় তহবিল ১৮ হাজার কোটি টাকা থেকে বেড়ে ৩৩ হাজার ৪৩৩ কোটি টাকারও বেশি হয়েছে। তিনি আরও বলেন যে ভারতের মাতৃমৃত্যুর অনুপাত, যা ১৯৯০ সালে প্রতি এক লক্ষ জীবিত জন্মে ৫৫৬ ছিল, ২০২০ সালে তা কমে ৯৭-এ দাঁড়িয়েছে।

স্বাস্থ্যমন্ত্রী বলেন দেশে শিশুমৃত্যুর হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। শিশু মৃত্যু হার যা ২০০০ সালে প্রতি হাজারে ৮৯ জন ছিল, ২০২০ সালে তা কমে ২৮ জনে দাঁড়িয়েছে।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে বারো দশমিক আট ডিগ্রী সেলসিয়াস।
